



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
www.khdc.gov.bd



“পার্বত্য চট্টগ্রাম চুক্তির তেইশ বছর পূর্তি উদযাপন প্রস্তুতি সভার কার্যবিবরণী”

সভাপতিঃ জনাব কংজরী চৌধুরী,
চেয়ারম্যান
পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।

সভার তারিখঃ ২৫/১১/২০২০ খ্রি.
সময় : সকাল ১১.০০টা
স্থান : পরিষদ সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকাঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান, বিগত ০২ ডিসেম্বর, ১৯৯৭ তারিখে সম্পাদিত পার্বত্য চট্টগ্রাম চুক্তির ২৩ বছর পূর্তি উপলক্ষে আগামী ০২ ডিসেম্বর, ২০২০ তারিখে কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে স্বাস্থ্যবিধি মেনে যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে এই সভার আয়োজন করা হয়েছে। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত রয়েছেন জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা, এমপি, চেয়ারম্যান (প্রতিমন্ত্রী পদমর্যাদা), ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাভাসন ও পুনর্ভাসন এবং অভ্যন্তরীণ উদ্ভাস্ত্র নির্দিষ্টকরণ ও পুনর্ভাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি। তিনি দিবসটি সুষ্ঠু, সুন্দর ও উৎসবমুখর পরিবেশে পালনের লক্ষ্যে উপস্থিত সকলের মতামত/পরামর্শ আহবান করেন।

সভায় উপস্থিত সদস্যগণ ও বিভিন্ন সংস্থার প্রতিনিধিগণ মতামত ব্যক্ত করেন। সভায় দিন ব্যাপি কর্মসূচী গ্রহণের বিষয়টি আলোচিত হয়।

টাস্কফোর্সের মাননীয় চেয়ারম্যান জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা, এমপি জানান, পার্বত্য শান্তি চুক্তি একটি ঐতিহাসিক অর্জন। এ চুক্তির ফলে পার্বত্য অঞ্চলে শান্তির সুবাতাস বইছে। শান্তি, সম্প্রীতি ও উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত রয়েছে। প্রতি বছর এ জেলায় শান্তিচুক্তির বর্ষপূর্তি বর্ণাঢ্যভাবে পালিত হয়ে আসছে। এ বৎসর কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে স্বাস্থ্যবিধি মেনে যথাযোগ্য মর্যাদায় উদযাপন করতে হবে। তিনি পার্বত্য শান্তিচুক্তি উদযাপনের অংশ হিসেবে গৃহহীনদের গৃহ প্রদান বিষয়ক একটি কর্মসূচী রাখার বিষয়ে মতামত ব্যক্ত করেন।

সর্বসম্মতিক্রমে ঐতিহাসিক পার্বত্য চট্টগ্রাম চুক্তির ২৩ বছর পূর্তি উপলক্ষে নিম্নলিখিত অনুষ্ঠানমালা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

০২ ডিসেম্বর ২০২০

সময়	কর্মসূচী	স্থান
সকাল ১০টায়	"শান্তিচুক্তি একটি ঐতিহাসিক অর্জন" হিসেবে উপলব্ধি করতঃ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন এবং চুক্তির ২৩ বছর পূর্তি উপলক্ষে কেক কাটা।	ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট হল রুম
সকাল ১০.৩০টায়	আলোচনা সভা এবং ৯টি উপজেলায় ৯জন গৃহহীনকে গৃহ উপহার	এ
সকাল ১১ টায়	মাস্ক বিতরণ কর্মসূচী	খাগড়াছড়ি পৌরএলাকা
সন্ধ্যায়	আলোকসজ্জা	স্ব স্ব প্রতিষ্ঠান
সন্ধ্যায়	ফানুস ওড়ানো	খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কার্যালয়

(Signature)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
www.khdc.gov.bd



২। আয়োজিত সকল অনুষ্ঠানমালা পরিচালনার লক্ষ্যে একটি উদযাপন কমিটি এবং বিভিন্ন কর্মসূচী সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে নিম্নলিখিত ভাবে দায়িত্ব প্রদান করা হয়ঃ

পার্বত্য চট্টগ্রাম চুক্তির তেইশ বছর পূর্তি উদযাপন কমিটিঃ-

১. জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা,এমপি, মাননীয় চেয়ারম্যান (প্রতিমন্ত্রী পদমর্যাদা সম্পন্ন), ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাযাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্ভাস্ত্র নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি : প্রধান উপদেষ্টা
২. রিজিয়ন কমান্ডার, খাগড়াছড়ি রিজিয়ন : উপদেষ্টা
৩. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি : সভাপতি
৪. জেলা প্রশাসক, খাগড়াছড়ি : সদস্য
৫. পুলিশ সুপার, খাগড়াছড়ি : সদস্য
৬. জোন কমান্ডার, খাগড়াছড়ি সদর জোন : সদস্য
৭. মেয়র, খাগড়াছড়ি পৌরসভা : সদস্য
৮. চেয়ারম্যান, সদর উপজেলা পরিষদ : সদস্য
৯. জেলার সকল রাজনৈতিক/সামাজিক নেতৃবৃন্দ ও পরিষদের সন্মানিত সদস্যবৃন্দ এবং জেলার সকল বিভাগ/সংস্থা প্রধানগণ : সদস্য
১০. মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি : সদস্য সচিব

৩। উল্লিখিত অনুষ্ঠানমালা সুষ্ঠু, সুন্দর ও সার্থকভাবে পালনের লক্ষ্যে নিম্নলিখিত ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

- ১) পরিষদের সন্মানিত সদস্য জনাব রেশাচাই চৌধুরীকে পরিষদের একজন প্রকৌশলীর সহযোগিতা নিয়ে ৯টি উপজেলায় ৯জনকে গৃহ নির্মাণ করে দেয়ার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হয়।
- ২) পরিষদের সন্মানিত সদস্য জনাব খগেশ্বর ত্রিপুরা-কে পরিষদের নির্বাহী কর্মকর্তার সহযোগিতা নিয়ে আলোচনা সভা অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হয়।
- ৩) পরিষদের নির্বাহী কর্মকর্তা মাস্ক বিতরণ কর্মসূচী বাস্তবায়নের ব্যবস্থা নিবেন। এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতার জন্য সিভিল সার্জনকে অনুরোধ করা হয়।
- ৪) বিভিন্ন বিভাগ/দপ্তর প্রধানকে নিজস্ব অর্থায়নে মাস্ক বিতরণ কর্মসূচী পরিচালনা করার জন্য অনুরোধ করা হয়।
- ৫) সন্ধ্যার পর অনুষ্ঠান চলাকালে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থার জন্য নির্বাহী প্রকৌশলী,পিডিবি-কে অনুরোধ করা হয়।
- ৬) অনুষ্ঠানমালা বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থাসহ অনুষ্ঠানমালায় সাউন্ড সিস্টেম/মাইক সরবরাহ করার জন্য জেলা তথ্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়।
- ৭) অনুষ্ঠানমালা বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য খাগড়াছড়ি প্রেস ক্লাবসহ স্থানীয় দৈনিক পত্রিকার সভাপতি/সম্পাদককে অনুরোধ করা হয়।
- ৮) উপ-পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট-কে পুষ্পস্তবক অর্পন, কেক কাটা ও আলোচনা সভা অনুষ্ঠানের জন্য প্রয়োজনীয় সহযোগিতার জন্য অনুরোধ করা হয়।
- ৯) পার্বত্য জেলা পরিষদ হতে আয়োজিত অনুষ্ঠানসমূহের দাওয়াতপত্র বিতরণ এবং শহরের বিভিন্ন স্থানে প্রয়োজনীয় সংখ্যক ব্যানার ও ফেস্টুন টাঙানো এবং পরিষদ কার্যালয়ে আলোকসজ্জার ব্যবস্থা করা হবে।
- ১০) আয়োজিত অনুষ্ঠানমালা সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যয় পার্বত্য জেলা পরিষদের তহবিল হতে নির্বাহীর সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ঐতিহাসিক পার্বত্য চট্টগ্রাম চুক্তির ২৩ বছর পূর্তি অনুষ্ঠান উদযাপনের নিমিত্ত গৃহীত অনুষ্ঠানমালায় আন্তরিক ও স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে উৎসবমুখর ও আনন্দঘন পরিবেশে দিবসটি পালনের আহবান জানিয়ে সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

(কংজরী চৌধুরী) ২/১১/১০
চেয়ারম্যান

খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
www.khdc.gov.bd



নং-২৯.২৩৬.০১১.৩৩.৭৭.০০১.২০২০- ২৭৫১

তারিখঃ ২৫নভেম্বর, ২০২০খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থেঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- ১) জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা, এমপি, চেয়ারম্যান (প্রতিমন্ত্রী পদমর্যাদা), শরনার্থী/উদ্ভাস্ত্র বিষয়ক টাস্কফোর্স, খাগড়াছড়ি।
- ২) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, ঢাকা।
- ৩) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৪) চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাংগামাটি।
- ৫) সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- ৭) রিজিয়ন কমান্ডার, খাগড়াছড়ি/গুইমারা রিজিয়ন।
- ৮) সেক্টর কমান্ডার, বিজিবি, খাগড়াছড়ি /গুইমারা সেক্টর।
- ৯) জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ১০) জোন কমান্ডার, খাগড়াছড়ি সদর জোন।
- ১১) পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ১২) মেয়র, খাগড়াছড়ি পৌরসভা।
- ১৩) চেয়ারম্যান, খাগড়াছড়ি সদর উপজেলা পরিষদ।
- ১৪) কমান্ডার, ডিজিএফআই, খাগড়াছড়ি।
- ১৫) যুগ্ম পরিচালক, জেলা এনএসআই, খাগড়াছড়ি।
- ১৬) জনাব..... সদস্য, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।
- ১৭) জেলার সকল বিভাগ/দপ্তর প্রধান.....
- ১৮) জেলা তথ্য কর্মকর্তা, খাগড়াছড়ি।
- ১৯) সভাপতি/সম্পাদক, খাগড়াছড়ি প্রেসক্লাব।
- ২০) সভাপতি/সম্পাদক/নির্বাহী পরিচালক,.....
- ২১) নির্বাহী কর্মকর্তা/নির্বাহী প্রকৌশলী, এ পরিষদ।
- ২২) হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা, এ পরিষদ।
- ২৩) আইটি অফিসার, এ পরিষদ-কে সভার কার্য বিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।


(মো. নূরুজ্জামান)
যুগ্মসচিব

মুখ্য নির্বাহী কর্মকর্তা

পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।

 ০৩৭১-৬১৮৩১